

উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প
স্থানীয় সরকার বিভাগ
জনস্বাস্থ্য প্রকৌশল ভবন
১৪, শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরগী, কাকরাইল, ঢাকা- ১০০০।

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার

স্মারক নং- ৪৬.৬০০.০০২.০০.০০.০৩৫.২০১৮-৮১৩

তারিখ- ২৬/১২/২০১৮ খ্রিঃ

বিষয়ঃ উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় কুষ্টিয়া জেলার, কুমারখালী উপজেলাধীন অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্প বাস্তবায়নের সম্মতি প্রদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার বিভাগ কর্তৃক সরাসরি বাস্তবায়নাধীন উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় বাস্তবায়নের জন্য আপনার উপজেলা হতে প্রেরিত নিম্নোক্ত অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্পসমূহের বিষয়ে সম্মতি প্রদান করা হল। বর্ণিত উপ-প্রকল্পসমূহ বাস্তবায়নের জন্য নিম্নোক্ত পরিমাণ অর্থ ব্যয় করা যাবে। প্রকল্প বাস্তবায়ন শেষে বিল ও ভাউচারের কপি প্রাপ্তির পর নির্ধারিত নিয়ম অনুসরণে বরাদ্দকৃত অর্থ প্রকল্পের একাউন্ট হতে উপজেলা পরিষদের প্রকল্পের নামীয় একাউন্টে স্থানান্তর করা হবে।

উপ-প্রকল্প নম্বর	উপ-প্রকল্পের শিরোনাম	অনুমোদিত বাজেট (ভ্যাট ও কর ব্যতীত) (টাকা)
INF-2017-18-405071-01	মা ও শিশু মৃত্যুহার কমানোর লক্ষ্যে কমিউনিটি পর্যায়ে নিরাপদ প্রসব নিশ্চিতকরণে ০৩ টি কমিউনিটি ক্লিনিকের যন্ত্রপাতি সহ ৩টি লেবার রুম নির্মাণ (সদরপুর সিসি, কুশলীবাসা সিসি, মহেন্দ্রপুর সিসি)	১৫,২৪,৮১৪.০০
INF-2017-18-405071-02	মহেন্দ্রপুর মাধ্যমিক বিদ্যালয়ের আসবাবপত্রসহ ০২ (দুই) কক্ষবিশিষ্ট ০১ (এক) তলা নতুন স্কুল ভবন নির্মাণ।	২৪,৭৫,১৮৫.০০
মোটঃ		৩৯,৯৯,৯৯৯.০০

কথায়ঃ উনচল্লিশ লক্ষ নিরানব্বই হাজার নয়শত নিরানব্বই টাকা মাত্র।

বরাদ্দকৃত অর্থ নিম্নে বর্ণিত শর্তাবলী যথাযথ অনুসরণ করে কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ করা হল।

প্রকল্প বাস্তবায়নের সময় অনুসরণীয় শর্তাবলীঃ

- বরাদ্দকৃত অর্থ উপরোল্লিখিত উপ-প্রকল্প বাস্তবায়ন করার জন্য ব্যয় করতে হবে।
- পিপিআর-২০০৮ এবং সর্বশেষ প্রকাশিত সার্কুলার যথাযথভাবে অনুসরণ করে উপ-প্রকল্পসমূহ বাস্তবায়ন করতে হবে।
- উপজেলা পরিষদের ক্রয় পরিকল্পনায় উপ-প্রকল্পগুলো অন্তর্ভুক্ত থাকতে হবে।
- ভ্যাট এবং ট্যাক্স ব্যতীত ৩৯,৯৯,৯৯৯.০০ (উনচল্লিশ লক্ষ নিরানব্বই হাজার নয়শত নিরানব্বই) টাকার বেশি ব্যয় করা যাবে না। কিন্তু দরপত্র ডকুমেন্ট, কার্যাদেশ, চুক্তিনামা এবং বিল-ভাউচারে অবশ্যই ভ্যাট ও আয়করসহ মোট ব্যয় উল্লেখ থাকবে।
- উনুজ দরপত্র পদ্ধতি অনুসরণ করে ক্রয় প্রক্রিয়া সম্পাদন করতে হবে।
- দরপত্র আহ্বানের ক্ষেত্রে অবশ্যই পিপিআর-২০০৮ এ উল্লিখিত পদ্ধতি অনুসরণে পত্রিকায় বিজ্ঞপ্তি প্রচার করতে হবে।
- দরপত্র আহ্বান ও অন্যান্য খরচ নির্বাহের জন্য এডিপি গাইড লাইন অনুসরণে পদক্ষেপ গ্রহণ করতে হবে।
- নোটিফিকেশন অব এওয়ার্ড/কার্যাদেশ/চুক্তিনামায় মোট টাকা, ভ্যাট, আয়কর এবং নীট প্রদেয় টাকার পরিমাণ সুস্পষ্টভাবে উল্লেখ থাকতে হবে।
- প্রচলিত নিয়ম অনুযায়ী নির্ধারিত ফরমেট এ চুক্তিনামা সম্পন্ন করতে হবে।